

গ্রেড-বের্ড নং ডি ৫-১

বাংলাদেশ



গোজেট

অভিযন্ত্র সংস্থা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৭, ২০০২

[৮ম খন্দ-বেসরকারী ব্যক্তি এবং কর্মচারীদের কর্তৃক অর্থের বিনিয়য়ে জারীকৃত
বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইনসিটিউট অব ম্যানেজমেন্ট
বোর্ড অব গভর্নরস

বিজ্ঞাপন

তারিখ, ১১ ফেব্রুয়ারি ২০০২/২৯ মাঘ ১৪০৮

এস. আর. ও. নং-২৭-আইন/২০০২—Government Education and Training Institutions Ordinance, 1961 (XXVI of 1961) এর section 18-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ইনসিটিউট অব ম্যানেজমেন্ট এর বোর্ড অব গভর্নরস, সরকারের পূর্ব অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ ——(১) এই প্রবিধানমালা বাংলাদেশ ইনসিটিউট অব ম্যানেজমেন্ট এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা ২০০১ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা বাংলাদেশ ইনসিটিউট অব ম্যানেজমেন্টের সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা চুক্তি বা খন্দকালীনভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বিলিয়া তাহাদের চাকুরী শর্তে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে, উক্ত বিধানবিলী প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা :—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই প্রবিধানমালায় —

(ক) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই প্রবিধানমালার অধীনে কোন নির্দিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে বোর্ড অব গভর্নরস কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;

(খ) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(১১১৩)

মূল্য : টাকা ৮.০০

১০/১০/১০
০১.০৪.২১
প্রকাশন প্রতিবেশ
প্রকাশন প্রতিবেশ প্রকাশন প্রতিবেশ

১১১৮

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মার্চ ২৭, ২০০২

- (গ) "কর্মকর্তা" বলিতে বাংলাদেশ ইনসিটিউট অব ম্যানেজমেন্টের কোন কর্মকর্তাকে বুঝাইবে;
- (ঘ) "কর্মচারী" বলিতে বাংলাদেশ ইনসিটিউট অব ম্যানেজমেন্টের যে কোন কর্মচারীকে অস্থায়ী বা স্থায়ী যাহাই হউক, বুঝাইবে এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঙ) "ইনসিটিউট" বলিতে বাংলাদেশ ইনসিটিউট অব ম্যানেজমেন্টকে বুঝাইবে;
- (ট) "অসদাচারণ" বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী বা অন্দজনের পক্ষে শোভনীয় নয় এমন আচারণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহ ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—
- (আ) উর্ধ্বতন কর্মকর্তার আইনসঙ্গত আদেশ অযান্যকরণ;
- (আ) কর্তব্যে অবহেলা;
- (ই) কোন আইনসঙ্গত কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষের কোন আদেশ, পরিপত্র এবং নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং
- (ঈ) কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাইন, বিরক্তি, মিথ্যা বা অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ।
- (ঘ) "তফসিল" বলিতে এই প্রবিধানমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;
- (জ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে বোর্ড অব গভর্নরসকে বুঝাইবে এবং কোন বিদ্যিষ্ঠ পদে নিয়োগের জন্য বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঝ) "পদ" বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে;
- (ঝ) "প্লায়ন" বলিতে বিনা অনুমতিতে চাকুরী ব্যক্তিগত ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদূর্ধৰ সময় যাবৎ কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতি গ্রহণ ব্যতিরেকে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমতিদিত সময়ের পর যাট দিন বা তদূর্ধৰ সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে;
- (ট) "বোর্ড" বলিতে বোর্ড অব গভর্নরস বুঝাইবে;
- (ঠ) "শিক্ষনবিস" বলিতে কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীকে বুঝাইবে;
- (ড) "বাছাই কমিটি" বলিতে প্রবিধান ৪ এর অধীন গঠিত কোন বাছাই কর্মসূকে বুঝাইবে;
- (ঢ) "স্বীকৃত ইনসিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলিতে, এই প্রবিধানমালার উচ্চশ্য পূরণকর্তা, বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ইনসিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
- (ণ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাকে বুঝাইবে;
- (ত) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

বিতীয় অধ্যায়
নিয়োগ পদ্ধতি, ইত্যাদি

৩। নিয়োগ পদ্ধতি—(১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিয়মণিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা :—

- (ক) সরাসরি ;
- (খ) পদোন্নতির মাধ্যমে ;
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে ।

(২) কোন পদের কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং সরাসরি নিয়োগের প্রয়োজনে তাহার বয়স উচ্চ পদের জন্য তফসিলে নির্বাচিত বয়সসীমার মধ্যে না হইলে তাহাকে উচ্চ পদে নিয়োগ করা হইবে না :

তবে শর্ত থাকে যে, বোর্ড সরকারের নির্দেশ অনুসারে, কোন বিশেষ শ্রেণীর প্রার্থীগণের ক্ষেত্রে উচ্চ বয়সসীমা শিখিল করিতে পারিবে ।

৪। বাছাই কমিটি—কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগ দানের উদ্দেশ্যে, বোর্ড এক বা একাধিক বাছাই কমিটি নিয়োগ করিতে পারিবে ।

৫। সরাসরি নিয়োগ—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি—

- (ক) তিনি বাংলাদেশের নাগরিক না হন, অথবা
- (খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন ।

(২) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উচ্চ পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসাপর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উচ্চ পদের দায়িত্ব পালনের উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করেন ;

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ, যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয়, এবং দেখা যায় যে, ইনসিটিউটের চাকুরিতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন ।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদ জাতীয় পর্যায়ের অন্ততঃ ২টি দৈনিক প্রতিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহবান করিয়া পূরণ করা হইবে এবং এইরূপ নিয়োগ দানের ক্ষেত্রে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে ।

(৪) সরাসরিভাবে নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে বোর্ড কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগ করিতে হইবে ।

৬। শিক্ষানবিস।—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ এক বৎসর শিক্ষানবিস থাকিবে, :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া, যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনুরূপ আরো ০১ (এক) বৎসরের জন্য বৃদ্ধি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিতি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং সময় সময় বোর্ড কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষা যদি থাকে পাস করেন এবং নির্ধারিত এশিক্ষণ (যদি থাকে) প্রাইপ করিয়া থাকেন।

৭। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) প্রবিধান (১৪) এর বিধান সাপেক্ষে, কোন পদে পদোন্নতি: মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে বাছাইকৃত প্রার্থীর তালিকা বিবেচনাক্ষেত্রে নিয়োগদান করিবেন।

(২) কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত (Service record) সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৮। প্রেষণে নিয়োগ।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে ইনসিটিউটের কোন পদে প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী বা কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন উপর্যুক্ত কর্মচারীকে ইনসিটিউটের পদের জন্য নির্ধারিত বেতন ক্ষেত্রের সমান বেতন ক্ষেত্রে প্রেষণে নিয়োগ করিতে পারিবে।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৯। যোগদানের সময়।—(১) চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে, নতুন পদে যোগদানের জন্য কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা :—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন, এবং

(খ) উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পত্রায় ভ্রমণে প্রকৃত অতিবাহিত সময় :

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীকৃত কর্মচারীকে তাহার নতুন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না, সেই ক্ষেত্রে নতুন কর্মস্থল যোগদানের জন্য একদিনের বেশী সময় দেওয়া যাইবে না এবং এই উপ-প্রবিধানের উদ্দেশ্যে গণকলে সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৩) কোন বিশেষক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এর অধীন প্রাপ্য যোগদানের সময়স্থান বা বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কোন কর্মচারীর এক চাকুরীস্থল হইতে অন্যত্র বদলী হইলে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই দুইয়ের মধ্যে যে স্থানে কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয়, সেই স্থান হইতে তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মার্চ ২৭, ২০০২

১১১৭

(৫) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে, বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অঙ্গরবর্তীকালীন সময়ে মেডিকেল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি প্রহণ করিলে তাহার দায়িত্বার হস্তান্তর করিবার পর হইতে ছুটি প্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয়, তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে বদলীর ব্যাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই প্রবিধানের বিধানবলী অপর্যাণ প্রতীয়মান হইলে সেই ক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধি বা আদেশ প্রয়োজনীয় অভিযোজনসহ প্রযোজ্য হইবে।

১০। বেতন ও ভাতা।—সরকার বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

১১। প্রারম্ভিক বেতন।—(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমে সর্বনিম্নস্তরই হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) কোন ব্যক্তিকে তাহার বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারী কর্যে তদনুসারে ইনসিটিউট এর কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

১২। পদোন্নতির ক্ষেত্রে বেতন।—(১) কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হইলে, সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্নস্তরে তাহার বেতন নির্ধারিত হইবে, তবে উক্ত সর্বনিম্নস্তর অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাণ মূল বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য নির্ধারিত বেতনক্রমের যে স্তরটি তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের শর হয়, সেই শরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১৩। বেতন বর্ধন।—(১) বেতন বর্ধন স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময় মত নির্ধারিত থায়ে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধিত হইবে।

(২) বেতন বৃক্ষি স্থগিত রাখা না হইলে, উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আদেশে সেই মেয়াদ উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসি কাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রসংশনীয় বা অসাধারণ কর্মের জন্য বোর্ড কোন কর্মচারীকে একসঙ্গে অনধিক তিনটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবে।

(৫) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতাসীমা নির্ধারিত রহিয়াছে, সেইক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মঞ্জুরী ব্যতিত তাহার দক্ষতা সীমার অব্যবহিত উপরের বেতন বর্ধন অনুমোদন করা যাইবে না; এইরূপ মঞ্জুরীর ক্ষেত্রে প্রতিবেদনকারী কর্মকর্তার এই মর্মে সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম, দক্ষতা-সীমা অতিক্রম করিবার জন্য উপযুক্ত ছিল।

১১১৮

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মার্চ ২৭, ২০০২

১৪। জ্যোষ্ঠতা—(১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যোষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময় একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট বাহাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকাভিত্তিক সুপারিশ অনুসারে উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যোষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যোষ্ঠ হইবেন।

(৪) একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে তাহাদের পারস্পরিক জ্যোষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জ্যোষ্ঠতা স্থির করা হইবে।

(৫) ইনসিটিউট ইহার কর্মচারীদের যেড-ওয়ারী জ্যোষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) The Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এর বিধানসমূহ, উহাতে প্রয়োজনীয় অভিযোজনসহ, ইনসিটিউটের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৫। পদোন্নতি—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জ্যোষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দায়ী করিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীর চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ লাভে যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৪) কোন কর্মচারীর পদোন্নতি, জ্যোষ্ঠতা ও মেধারভিত্তিতে হইবে।

(৫) কোন কর্মচারীকে ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য পেশাগত পরীক্ষার উত্তীর্ণ হওয়ার কারণে ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে পালা অতিক্রম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১৬। প্রেষণ ও পূর্বস্থতা—(১) উপ-প্রবিধান-(২) এর বিধান সাপেক্ষে, ইনসিটিউট যদি মনে করে যে, উহার কোন কর্মচারী পারদর্শিতা, তৎকর্তৃক গৃহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন প্রতিষ্ঠান, অতঃপর হাওলাত গ্রহণকারী প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে ইনসিটিউট এবং হাওলাত গ্রহীতা প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিকভাবে সম্মত মেয়াদে ও শর্তাবলীনে, হাওলাত গ্রহণকারী প্রতিষ্ঠানের অনুরূপ বা সদৃশ পদে প্রেষণে কর্মরত থাকিবার জন্য কোন কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে :

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীকে তাহার সম্মত ব্যক্তিগেকে প্রেষণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া যাইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা ইনসিটিউটের কোন কর্মচারী চাকুরীর অবশ্যিকতা রয়িয়াছে বলিয়া ইনসিটিউট উক্ত কর্মচারীর সম্মতি নইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণে শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২)তে যাহা কিছুই থাকুক না কেন, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

(ক) প্রেষণের সময়কাল ব্যতিক্রম ক্ষেত্রে ছাড়া ০৩ (তিনি) বৎসরের অধিক হইবে না ;

(খ) ইনসিটিউটের চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্ববৃত্ত থাকিবে এবং প্রেষণের মেয়াদাতে অথবা উক্ত মেয়াদের পূর্বে, ইহার অবসান ঘটিলে, তিনি ইনসিটিউটে প্রত্যাবর্তন করিতে পারিবেন ;

(গ) হাওলাতগ্রহণকারী সংস্থা তাহার ভবিষ্য তহবিল ও পেনশন, (যদি থাকে) বাবদ প্রাপ্য অর্থ পরিশোধের নিচয়তা বিধান করিবেন ;

(৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি ইনসিটিউট এ পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয় অন্যান্যদের সঙ্গে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে ইনসিটিউট এ প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তাহার পদোন্নতির কার্যকর করার উদ্দেশ্যে ইনসিটিউট তাহাকে ফেরত চাহিলে তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন তাহা হইলে উপ-প্রবিধান (৬) এর বিধান সাপেক্ষে, পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা উক্ত পদে তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাতগ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে, এবং এইরূপ ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা ছাড়াই (Next below rule) অনুযায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে, তবে এইরূপ পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী হাওলাতগ্রহণকারী সংস্থায় প্রেষণে থাকাকালে পদোন্নতিজনিত কোন আর্থিক সুবিধা পাইবেন কি না তাহা ইনসিটিউট উক্ত সংস্থার পরম্পরারের সম্মতিক্রমে স্থিরকৃত হইবে।

(৭) শৃঙ্খলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাতগ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃঙ্খলামূলক কার্যক্রম সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা ইনসিটিউট-কে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে সূচিত শৃঙ্খলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যেরভিত্তিতে হাওলাতগ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিযান পোষণ করেন যে, তাহার উপরে দড় আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ ইনসিটিউটের নিকট প্রেরণ করিবে এবং আতঙ্গের ইনসিটিউট যেরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৭। ছুটি ।—(১) কোন কর্মচারী নিম্নবর্ণিত যে কোন ধরনের ছুটি পাইবেন, যথা :—

- (ক) পূর্ণ গড় বেতনে ছুটি;
- (খ) অর্ধ গড় বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সঙ্গৰোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি;
- (জ) নৈমিত্তিক ছুটি;
- (ঝ) অবসরঘণ্টণ প্রস্তুতিমূলক ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যান্য ছুটি মঞ্জুর করিতে পারে এবং ইহা সাংগঠিক ছুটির দিনের সাহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইবে।

(৩) বোর্ডের পূর্ব অনুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারিবে।

১৮। পূর্ণ গড় বেতনে ছুটি ।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ গড় বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ ০৪ (চার) মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবের জন্য একটি পৃথক খাতে জয়া দেখানো হইবে, উহা হইতে ডাঙ্কারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিন্ত বিমোদনের জন্য উক্ত জমাকৃত ছুটি হইতে পূর্ণ গড় বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

১৯। অর্ধ গড় বেতনে ছুটি ।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে অর্ধ গড় বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপ ছুটি জয়া হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) ডাঙ্কারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, অর্ধ গড় বেতনের দুই দিনের ছুটির পরিবর্তে, এক দিনের পূর্ণ গড় বেতনের ছুটির হারে এইরূপ ছুটিকে সর্বোচ্চ বার মাস পর্যন্ত পূর্ণ গড় বেতনের ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

২০। প্রাপ্যতাবিহীন ছুটি ।—(১) ডাঙ্কারী সার্টিফিকেট দাখাল সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সম্মত চাকুরী জীবনে স্বৰোচ্চ বার মাস পর্যন্ত এবং অন্য কোন কারণ হইলে, তিন মাস পর্যন্ত অর্ধ গড় বেতনে প্রাপ্যতাবিহীন ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত নতুনভাবে উপ-প্রবিধান (১) এর অধীনে কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

২১। বিনা বেতনে অসাধারণ ছুটি।—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে, বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনা বেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটির মেয়াদ একাধারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইতে পারে, যথা :—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতিপ্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি ইনসিটিউট এর অধীনে চাকুরী করিবেন; অথবা

(খ) যে ক্ষেত্রে চিকিৎসাধীন থাকেন; অথবা

(গ) যে ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হন যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বর্তিভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে তৃতীয়েক কার্যকরতাসহ অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারে।

২২। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আগ্রাতপ্রাপ্ত হইয়া দায়িত্ব পালনে অক্ষম হইলে, প্রবিধান ১৭(৩) অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করিতে পারেন।

(২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতার কারণ অবিলম্বে ইনসিটিউটকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত চিকিৎসা পর্যন্ত রাচিকিৎসক প্রত্যয়ন করিবে সেই মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে, চিকিৎসা পর্যন্ত চিকিৎসকের প্রত্যয়ন ব্যতিরেকে শ্রেণীকৃত ছুটি বর্ধিত করা হইবে না এবং উক্ত ছুটি কোনৰূপেই ২৪(চরিশ) মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য কোন ছুটির সঙ্গে সংযুক্ত করা যাইবে।

(৫) যদি একই ধরনের অবস্থায় প্রয়োজনীয় কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবার মঙ্গুরীকৃত ছুটির পরিমাণ ২৪(চরিশ) মাসের অধিক হইবে না এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঙ্গুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আনুভোবিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হয় সেই ক্ষেত্রে, অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইবে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন নিম্নরূপ হইবে, যথা :—

(ক) উপ-প্রবিধান (৫) এর অধীনে মঙ্গুরীকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম ৪(চার) মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ-বেতন।

১১২২

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মার্চ ২৭, ২০০২

(১) এই প্রবিধানের অন্যান্য বিধানসমূহের প্রয়োজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহার পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দুর্ঘটনাবশতঃ আঘাতপ্রাণ হইয়াছেন, অথবা যিনি কোন নির্দিষ্ট কর্তব্য পালনকালে, তাহার পদের স্থানাবিক বুকি বহির্ভূত অসুস্থতা বা জখম বাড়াইয়া তোলার সম্ভবনা থাকে, এইরূপ অসুস্থতা বা জখমের দরুন অক্ষম হইয়াছেন।

২৩। সংগরোধ ছুটি—(১) কোন কর্মচারীর পরিবারে বা গ্রহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি উগ্র কর্তৃপক্ষের আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে পময়ের জন্য উত্তরূপ নির্দেশ কার্যকৰ থাকে, সেই সময়কাল হইবে সংগরোধ ছুটি।

(২) কর্তৃপক্ষ, কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তা রাস্টাফিকেট এর ভিত্তিতে, অনুর্ধ্ব : দিন অথবা অস্থানাবিক অবস্থায় অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের জন্য সংগরোধ ছুটি মঙ্গুর করিতে পারিবে।

(৩) সংগরোধের জন্য উপ-প্রবিধান (২) এ উল্লিখিত মৈয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উচ্চ কর্তৃপক্ষের সিঙ্কান্ত অনুসারে এই প্রবিধানমালার অধীন অন্য কোন ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অনুযায়ী প্রাপ্য সর্বাধিক ছুটি সাপেক্ষে প্রয়োজন হইলে, অন্যবধি ছুটির সহিত সংগরোধ ছুটিও মঙ্গুর করা যাইতে পারে।

(৫) সংগরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৪। প্রসূতি ছুটি—(১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঙ্গুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাবে হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঙ্গুয়ার অনুরোধ কোন নিরবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা অনুসারে কর্মচারীর প্রাপ্য অন্য যে কোন, প্রকারের ছুটির সহিত একত্রে বা উহা বর্ধিত করিয়া মঙ্গুর করা যাইতে পারে।

(৩) ইনসিটিউটের কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহাকে দুইবারের অধিক প্রসূতি ছুটি মঙ্গুর করা যাইবে না।

২৫। অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি—(১) কোন কর্মচারী অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি হিসাবে এক বৎসর ছুটি ভোগ করিতে পারিবেন।

(২) কোন কর্মচারী উপ-প্রবিধান (১) এর অধীনে ছুটি ভোগ করাকালে তাহার সর্বশেষ বেতনের হিসাবে হয় মাস পর্যন্ত পূর্ণ বেতন এবং বাকী ছয়মাস অর্ধেক বেতন পাইবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে অবসরগ্রহণ প্রস্তুতিমূলক ছুটি মঙ্গুয়ার পর কোন কর্মচারীর অর্জিত ছুটি প্রবিধান ১৮ ও ১৯ অনুসারে প্রাপ্য থাকিলে তিনি উচ্চ ছুটির অবধিক বার মাস পর্যন্ত নগদায় হণ করিতে পারিবেন।

(৪) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একমাস পূর্বে অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটিতে যাইবেন।

(৫) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটিতে যাইবেন।

২৬। অধ্যয়ন ছুটি।—(১) ইনসিটিউটে চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বিষয়াদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন কর্মচারীকে প্রিবিধানের ১৭ (৩) বিধান অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষ অর্থ বেতনে অনধিক বার মাস অধ্যয়ন ছুটি মঙ্গুর করিতে পারে এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) যেই ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঙ্গুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঙ্গুরীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যয়ন বা প্রশিক্ষণ বা পরীক্ষাত্ত্ব-জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেই ক্ষেত্রে সময়ের সম্ভাবনাপূরণকালে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারিবে।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঙ্গুর করা যাইতে পারে, তবে কোনক্রমেই এইরূপ মঙ্গুরীকৃত ছুটি একত্রে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৭। নৈমিত্তিক ছুটি।—(১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরের মোট যতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবে, কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

(২) কোন কর্মচারীকে একসঙ্গে দশ দিনের বেশী নৈমিত্তিক ছুটি দেওয়া যাইবে না।

(৩) নৈমিত্তিক ছুটি মঙ্গুর করিবার জন্য কোন আনুষ্ঠানিক আদেশ বা বিজ্ঞপ্তি জারী করিবার অপরা এই ছুটি চাকুরীর বৃত্তান্ত বহিতে লিপিবদ্ধ করিবার কোন প্রয়োজন হইবে না।

(৪) নৈমিত্তিক ছুটি প্রতিটি পঞ্জিকা বৎসরের মধ্যেই গ্রহণীয় হইবে। কোন পঞ্জিকা বৎসরে নির্ধারিত নৈমিত্তিক ছুটি এই বৎসরের ৩১শে ডিসেম্বর তারিখে তামাদি হইয়া যাইবে।

(৫) নৈমিত্তিক ছুটি সাংগৃহিক বা সাধারণ ছুটির দিনসহ ধারাবাহিকতা রক্ষা করিয়া গ্রহণ করা যাইতে পারে, তবে নৈমিত্তিক ছুটির মধ্যবর্তী সময় সাংগৃহিক ছুটির দিন বা সাধারণ ছুটির দিন হইলে, সমগ্র সময়টি (সাংগৃহিক বা সাধারণ ছুটিসহ) নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে, যদি উহার পরিমাণ সর্বাধিক প্রাপ্য নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী না হয়, এবং বেশী হইলে উক্ত সম্পূর্ণ সময়কাল প্রাপ্যতা সাপেক্ষে, পূর্ণ বা অর্ধ বেতনে অর্জিত ছুটিতে পরিণত হইবে, এইরূপ ছুটি পাওনা না থাকিলে উহু বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৬) নৈমিত্তিক ছুটি অন্য কোন ছুটির সহিত যুক্ত করা যাইবে না। নৈমিত্তিক ছুটির মেয়াদ বর্ধিত করা হইলে যদি সমগ্র সময়টি (প্রথমে মঙ্গুরীকৃত নৈমিত্তিক ছুটির সময়সহ) পাওনা এবং একবাবে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হয়, তাহা হইলে উপ-প্রবিধান (৫) অনুসারে অর্জিত ছুটিতে পরিণত হইবে এবং অন্য কোন প্রকার ছুটি পাওনা না থাকিলে, বিনা বেতনে অসাধারণ ছুটিতে পরিণত হইবে।

(৭) যোগদানের দিনের সঙ্গে যুক্ত করিয়া নৈমিত্তিক ছুটি গ্রহণ করা যাইবে না।

(৮) এক দফায় গৃহীত নৈমিত্তিক ছুটি-এক পঞ্জিকা বৎসর হইতে পরবর্তী পঞ্জিকা বৎসরে সম্প্রসারিত হইতে পারিবে :

তবে শর্ত থাকে যে, উক্ত ছুটির সর্বোচ্চ পরিমাণ একবাবে গ্রহণীয় নৈমিত্তিক ছুটির পরিমাণ অপেক্ষা বেশী হইবে না, এবং এই ছুটির যে কয়দিন ডিসেম্বর মাসে পড়িবে সেই কয়দিনের নৈমিত্তিক ছুটি সংশ্লিষ্ট বৎসরে পাওনা থাকিতে হইবে এবং উক্ত ছুটির বাকী অংশ পরবর্তী বৎসরের নৈমিত্তিক ছুটি হিসাবে ব্যয়িত গণ্য হইবে।

৪

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মার্চ ২৭, ২০০২

২৪। ছুটির পদ্ধতি—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব ইনসিটিউট কর্তৃক নির্ধারিত নিয়ম, যা ছক ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন ইনসিটিউট কর্তৃক নির্ধারিত ফরমে অন্যথায় সাদা কাগজে যুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ মঙ্গুর করিতে পারে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত ন ক গ্যারীর ছুটি পাওনা রহিয়াছে, তরে প্রবিধান ২৭ এর বিধান এবং আনুষ্ঠানিক মঙ্গুরী আদেশ পক্ষে উক্ত কর্মচারীকে একাধারে অনূর্ধ্ব ১৫ (পনের) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে ইন।

(৫) স্বাস্থ্যগত কারণে কোন কর্মচারীকে ছুটি মঙ্গুর করিবার অথবা মঙ্গুরীকৃত ছুটির মেয়াদ ইবাব পূর্বে উপযুক্ত কর্তৃপক্ষ ইচ্ছা করিলে ইনসিটিউট কর্তৃক নির্দেশিত কোন চিকিৎসা পক্ষে প্রত্যয়ন পত্র সংগ্রহ করিবার নির্দেশ দিতে পারে।

(৬) কোন কর্মচারীর অসুস্থতার ব্যাপারে ইনসিটিউট কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের মত গণওয়া হইলে মেডিকেল সার্টিফিকেট এর ভিত্তিতে ছুটির আবেদন বা ছুটির মেয়াদ বৃদ্ধির বদন মঙ্গুর করা যাইতে পারে।

(৭) ইনসিটিউট কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের নিকট হইতে গৃহীত মেডিকেল ফিবেট পেশ করা যাইবে ছুটি প্রাপ্তির অধিকার অর্জিত হইবে না। ছুটি মঙ্গুরকারী কর্তৃপক্ষের ট মেডিকেল সার্টিফিকেট পেশ করিয়া উক্ত কর্তৃপক্ষের নির্দেশের অপেক্ষায় থাকিতে হইবে।

(৮) বাংলাদেশের বাহিনী ছুটিতে অবস্থানকারী কোন কর্মচারীর চিকিৎসার থাকার কারণে বা মেয়াদ বৃদ্ধির আবেদনের সঙ্গে সংযোগ চিকিৎসকের প্রত্যয়নপত্র যুক্ত করিতে হইবে; প্রত্যয়নপত্রে স্থতার প্রকৃতি এবং অসুস্থ্য কর্মচারীর শারীরিক অবস্থার ব্যাপারে বিস্তারিত বিবরণ থাকিতে হইবে।

২৫। ছুটিকালীন বেতন—(১) কোন কর্মচারী পূর্ণ রেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি প্রদেশের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন বার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরপ্তের পূর্বে তিনি সর্বশেষ যে ন পাইয়াছেন সেই বেতনের অর্ধ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(৩) ছুটি যে দেশেই কাটানো হউক, ছুটির বেতন বাংলাদেশী টাকায় বাংলাদেশে প্রাপ্য হইবে :

এবং শর্ত থাকে যে, ব্যতিক্রমী ক্ষেত্রে বাংলাদেশের বাহিনী ছুটি কাটাইবার বেলায় কোন গ্যারী কর্তৃপক্ষের সুপারিশক্রমে, সরকার কর্তৃক আরোপিত শর্তনুযায়ী যদি থাকে, ছুটির বেতন ইহার এক বিশেষ বৈদেশিক মুদ্রায় প্রদান করিবার সিদ্ধান্ত উপযুক্ত কর্তৃপক্ষ গ্রহণ করিতে পারে।

৩। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো—ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ আর বৰ্ব দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তলব করা ল, তিনি যে কর্মসূলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওনা হওয়ার ব্যাপার হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য তিনি ভ্রমণ ও ব্রহ্মাণ্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মার্চ ২৭, ২০০২

১১২৫

৩১। ছুটির নগদায়ন।—(১) সকল কর্মচারী তাহার অবসরভাবা বা ভবিষ্য তহবিলের সুবিধা এইগুলির সিদ্ধান্ত এইধরে নাই, তিনি ইনসিটিউটে তাহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখাত ছুটি (নৈমিত্তিক ছুটি ব্যতীত) ৫০% নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন, তবে এইরূপ রূপান্তরিত টাকার পরিমাণ তাহার ১২ (বার) মাসের বেতন অপেক্ষা বেশী হইবে না।

(২) সর্বশেষ মূল বেতনেরভিত্তিতে উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

(৩) কোন কর্মচারী চাকুরীর অবস্থায় মৃত্যুবরণ করিলে মৃত্যুবরণের তারিখে, তাহার অবসর এইধরণ গণ্য করিয়া, তাহার ছুটি পাওনা সাপেক্ষে ছুটির বদলে তাহার প্রাপ্য নগদ অর্থ তাহার পরিবারকে প্রদান করা হইবে।

ব্যাখ্যা : ‘পরিবার’ বলিতে পারিবারিক অবসরভাবা প্রদানের নিমিত্তে প্রযোজ্য বিধিতে পরিবারকে যে অর্থে দেখানো হইয়াছে তাহা বুঝাইবে।

পঞ্চম অধ্যায়

ভাতা, ইত্যাদি

৩২। ভ্রমণ ভাতা, ইত্যাদি।—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনার্থে ভ্রমণকালে বা বদলী উপলক্ষে ভ্রমণকালে, সরকারের নির্দেশাবলীর আলোকে, ইনসিটিউট কর্তৃক উহার কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হারে ও শর্তাবলী অনুযায়ী ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩৩। সম্মানী ভাতা।—(১) ইনসিটিউট উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির এবং শ্রমসাধ্য কোন কর্মসম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য সম্মানী হিসাবে নগদ অর্থ বা অন্য কোন পুরকার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরকার প্রদান করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ বা পুরকার মঞ্চের করা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশ না করা হয়।

৩৪। দায়িত্ব ভাতা।—কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ (একুশ) দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর/সমমানের কোন পদের দায়িত্ব পালন করিলে তাহাকে প্রচলিত সরকারী বিধি অনুযায়ী দায়িত্বভাতা প্রদান করা হইবে।

৩৫। উৎসব ভাতা।—সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক ইনসিটিউটের কর্মচারীগণকে উৎসব ভাতা প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর বৃত্তান্ত

৩৬। চাকুরীর বৃত্তান্ত।—(১) পঞ্চম প্রথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর বৃত্তান্ত সংরক্ষণ করা হইবে এবং ইনসিটিউট কর্তৃক প্রণীত ছক অনুযায়ী নির্দিষ্ট চাকুরীর বিহিতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার তাঁহার চাকুরী বাহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখ পূর্বক তাঁরিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি দেখিবার সময় উহাতে কোন বিষয়ে ক্রটিপূর্ণভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য ১৫ (পনের) দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে এতদুদ্দেশ্যে কর্তৃপ্রাণ কর্মকর্তার দৃষ্টিগোচর করিবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করিয়া বিষয়টি উক্ত কর্মচারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৩৭। বার্ষিক প্রতিবেদন।—(১) ইনসিটিউট উহার সকল শ্রেণীর কর্মচারী কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়নের পদ্ধতি প্রস্তুত করিবে এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে। বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে ইনসিটিউট উহার কোন কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন, প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

(২) সংশ্লিষ্ট বৎসরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন পরবর্তী পঞ্জিকা বর্ষের প্রথম মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার লিখন সম্পন্ন করিবেন, যদি উক্ত কর্মকর্তা যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে তাহা না করেন, তবে উক্ত ব্যর্থতা অসদাচরণ বলিয়া গণ্য হইবে।

(৩) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিরুদ্ধ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ত, প্রদান কিংবা তাহার নিজকে সংশোধনের সুযোগ দেওয়ার জন্য তাহাকে তৎসম্পর্কে অবহিত করিতে হইবে।

৩৮। বিশ্বস্ততা ও গোপনীয়তার ঘোষণাপত্র।—(১) ইনসিটিউটের চাকুরীতে যোগদানের সঙ্গে সঙ্গেই প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী ইনসিটিউট বা সরকার কর্তৃক প্রণীত ছকে বিশ্বস্ততা ও গোপনীয়তার একটি ঘোষণাপত্রে দুইটি অনুলিপি অবশ্যই দাখিল করিবেন।

(২) এই ঘোষণাপত্রে একটি অনুলিপি সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর বৃত্তান্ত বহিতে এবং অপর একটি অনুলিপি ইনসিটিউট কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে রক্ষিত থাকিবে।

সংগৃহীত সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৯। আচরণ ও শৃঙ্খলা।—(১) প্রত্যেক কর্মচারী—

- (ক) এই প্রবিধানমালা অনুযায়ী কাজ করিবেন এবং মানিয়া চলিবেন;
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিগোষ্ঠীর একত্বাত্মক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্ম নিয়ে জড়িত রহিয়াছেন, তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চলিবেন; এবং
- (গ) বিশ্বস্ততা, সততা ও অধ্যবসায়ের সহিত ইনসিটিউটের চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান
অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং ইনসিটিউট বা রাষ্ট্রের সাথে
পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না ;
- (খ) তাহার অব্যবহিত উক্তন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপন্থি
থাকিবেন না কিংবা চাকুরীসহ ত্যাগ করিবেন না ;
- (গ) ইনসিটিউট এর সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সঙ্গাবনা রহিয়া
এমন ব্যক্তিদের নিকট হইতে কোন দান বা উপহার প্রহণ করিবেন না যাহা তাহ
দায়িত্ব পালনের ক্ষেত্রে তাহাকে প্রভাবিত করিতে পারে ;
- (ঘ) কোন বীরা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না ;
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তি
প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না ;
- (চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে, বাহিরে কোন অবৈতনিক বা বৈতনি
চাকুরী প্রহণ করিবেন না ; এবং
- (ছ) সরকার বা কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত অন্য কোন খতকালীন কার্যের দায়িত্ব প্রয়োজন হইলে
করিবেন না ।

(৩) কোন কর্মচারী ইনসিটিউটের নিকট বা উহার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগ
নিবেদন পেশ করিতে পারিবেন না, কোন নিবেদন থাকিলে, তাহার কর্মচারীর অব্যবহিত উর্ধ্বত
কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে ।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দারীর সমর্থনে ইনসিটিউটের বা উহ
কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাহিরের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চে
করিবেন না ।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংস
সদস্য বা অন্য কোন বেসরকারী/সরকারী ব্যক্তির শরনাপন্ন হইবেন না ।

(৬) কোন কর্মচারী ইনসিটিউটের বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণ-মাধ্যমে
সহিত সরাসরি কোন যোগাযোগ স্থাপন করিবেন না, এইরূপ যোগাযোগের প্রয়োজন হইলে উপযু
ক্তৃপক্ষের অনুমতি নিতে হইবে ।

(৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে ঝণঝণ্টা পরিহার করিবেন ।

৪০। দত্তের ভিত্তি—কর্তৃপক্ষের যতে যদি কোন কর্মচারী—

- (ক) তাহার দায়িত্ব পালনের অবহেলার দায়ে দোষী হন ;
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন ;
- (গ) পালায়নের দায়ে দোষী হন ;
- (ঘ) অদৃশ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন ; অথবা

- (৫) নিম্নবর্ণিত কারণে দুর্নীতি পরায়ন হল বা যুক্তি সঙ্গতভাবে দুর্নীতি পরায়ন বলিয়া বিবেচিত হন, যথা :—
- (অ) তিনি ধা তাহার কোন পোষ্য বা তাঁহার মাধ্যমে বা তাঁহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসঙ্গতিপূর্ণ এইরূপ অর্থ সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন, যাহা অর্জনের ঘোষিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন ; অথবা
 - (আ) তাহার প্রকাশ্য আয়ের সঙ্গে সঙ্গতি রক্ষা না করিয়া জীবনধারণ করেন ; অথবা
 - (চ) ছুরি, আচুসাং, তহবিল তসরুফ বা প্রতারণার দায়ে দোষী হন ; অথবা
 - (ছ) ইনসিটিউট বা বাস্ট্রের বিরুদ্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্যে লিঙ্গ হন বা অনুরূপ কার্যে লিঙ্গ রাখিয়াছেন বলিয়া সন্দেহ করিবার যুক্তিসংস্কৃত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সহপ্লিট রাখিয়াছেন বলিয়া সন্দেহ করিবার কারণ থাকে যে, উক্ত অন্যান্য ব্যক্তি বা ব্যক্তিগণ রাস্তা বা ইনসিটিউটের বিরুদ্ধে নাশকতামূলক বা ক্ষতিকর কার্যে লিঙ্গ রাখিয়াছেন এবং যে কারণে তাহাকে চাকুরীতে রাখা ইনসিটিউট বা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে উপরুক্ত কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারিবে।

৪১। দড়সমূহ—(১) এই প্রবিধানের অধীনে নিম্নোক্ত দড়সমূহ আরোপযোগ্য হইবে,
॥ ১—

(ক) লঘুদণ্ড :—

(অ) তিরক্ষার ;

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদ্ধোন্নতি বা বেতনবর্ধন স্থগিত রাখা ;

(ই) ৭ (সাত) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন ;

(ঘ) গুরুদণ্ড :—

(অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রম বা বেতনক্রমের নিম্নস্তরের অবনতকরণ ;

(আ) কর্মচারী কর্তৃক সংঘটিত শৃঙ্খলাজনিত অপরাধের কারণে ইনসিটিউটের আর্থিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ ;

(ই) বাধ্যতামূলক অরসর প্রদান ;

(ঘ) চাকুরী হইতে অপসারণ ; এবং

(উ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে, কোন চাকুরী ভবিষ্যতে ইনসিটিউটের চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিপন্ন হইবেন।

৪২। নাশকভায়ুলক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি—(১) প্রবিধান ৪০ (ছ) তে উল্লিখিত কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বিরুক্তে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

- (ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারে;
- (খ) উক্ত কর্মচারীর বিরুক্তে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করিবে, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে লিখিতভাবে তাহাকে অবহিত করিবে; এবং
- (গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংতোষ সুযোগ প্রদান করিবে।

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্যাদা সঞ্চালন করে নথি দেওয়া হয়, সেক্ষেত্রে নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সে ক্ষেত্রে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে না।

(২) যে ক্ষেত্রে, উপ-প্রবিধান ১ (গ) অনুসারে তদন্ত কমিটি গঠনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার নিম্নে নহেন এমন তিনি জন কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদনে আকারে পেশ করিবেন এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেকোন উপযুক্ত বলিয়া মনে করিবেন সেইকোন নির্দেশ প্রদান করিবে।

৪৩। লঘুদণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি—(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুক্তে কার্যধারা সূচনা করিবার ক্ষেত্রে, কর্তৃপক্ষ যদি অভিযোগ করেন যে, তাহার বিরুক্তে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরক্ষার অপেক্ষা গুরুতর কোন দণ্ড প্রদান করা হইতে পারে; তাহা হইলে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুক্তে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবেন, এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির (০৭) সাতটি বার্ষিকবিসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ৎ দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিন্তু না তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবে; এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং অভিযুক্ত ব্যক্তি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ দেওয়ার পর তাহার পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে এবং তদন্তকারী কর্মকর্তা এতদুদ্দেশ্যে নির্ধারিত সময়-সীমার মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করিবেন।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত প্রণয়ন করিবে অথবা প্রয়োজন মনে করিলে অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারিবে।

(৩) অধিকতর তদন্তের আদেশ দেওয়া হইলে উহার প্রতিবেদন প্রাণ্ডির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত প্রণয়ন করিবে।

(৪) যেই ক্ষেত্রে প্রবিধান ৪০ এর দফন (ক) বা (খ) এর অধীনে উন্নিখিত কোন কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ যদি এই অভিযোগ পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্ত ব্যক্তিকে তিরক্ষারের দন্ত প্রদান করা হইবে, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ—

(ক) অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগদান করতঃ উক্ত দন্ত আরোপ করিতে পারে; অথবা

(খ) অভিযুক্ত ব্যক্তি ব্যক্তিগতভাবে উপস্থিত না হইলে বা উপস্থিত হইতে অধীকার করিলে কর্তৃপক্ষ—

(অ) শুনানী ব্যতিরেকেই অভিযুক্ত ব্যক্তির উপর দন্ত আরোপ করিতে পারিবে; অথবা

(আ) উপ-প্রবিধান (১) ও (২) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্ত ব্যক্তিকে প্রবিধান ৪১ (১) (ক) তে বর্ণিত যে কোন লঘুদন্ত আরোপ করিবে;

(গ) অভিযুক্ত ব্যক্তি তাহাকে লিখিতভাবে অভিযোগ জানাইবার দাবী করিলে, কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে, এবং অভিযোগ প্রমাণিত হইলে, প্রবিধান ৪১ (১) (ক) তে বর্ণিত যে কোন লঘুদন্ত প্রদান করিবে।

৪৪। তরুণদন্তের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি—(১). যেক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালার অধীন কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিযোগ পোষণ করে যে, অভিযোগ থ প্রমাণিত হইলে গুরুতর দন্ত আরোপ করার প্রয়োজন হইতে পারে, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ—

(ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং প্রস্তাবিত দণ্ডের বিষয় উহাতে উল্লেখ করিবে এবং সে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়াছে উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময় অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে তাহাও কর্মচারীকে অবহিত করিবে;

(খ) অভিযুক্ত ব্যক্তি অভিযোগনামা প্রাণ্ডির প্র দশটি কার্যদিবসের মধ্যে আস্তপক্ষ সমর্থন করিয়া লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দন্ত কেন তাহার উপর আরোপ করা যাইবে না তৎসম্পর্কে উক্ত বিবৃতিতে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি না তাহা উল্লেখ করিবেন :

তবে ন্ত থাকে যে, নির্ধারিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় র জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পেশ করার অতিরিক্ত দশটি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারিবে।

(২) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ণিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করিবেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংজ্ঞান্ত অন্যান্য বিবরাদির সাক্ষ্য প্রমাণসহ তাহার উক্ত বিবৃতি বিবেচনা করিবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিযোগ পোষণ করে থেকে—

(৩) অভিযুক্ত ব্যক্তির বিবরক্ষে সূচিত কার্যধারাটি অংসুর হইবার পর্যাণ কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদনুসারে উক্ত কার্যধারার নিষ্পত্তি হইবে;

(৪) অভিযুক্ত ব্যক্তির বিবরক্ষে সূচিত কার্যধারাটি অংসুর হইবার পর্যাণ কারণ আছে, এবং অভিযোগ প্রয়োগিত হইলে লঘুদণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুননীর স্থোগদান করিয়া যে কোন একটি লঘুদণ্ড প্রদান করিতে পারিবে অথবা লঘুদণ্ড আরোপের উদ্দেশ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া প্রবিধান ৪৩এ বর্ণিত কার্যপ্রণালী অনুসরণক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে; এবং

(৫) উক্ত কার্যধারায় অভিযুক্ত ব্যক্তির উপর ওরুদণ্ড আরোপের জন্য পর্যাণ কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে অথবা অনুরূপ তিনজন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৬) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ণিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযুক্তের চাইতে পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে বা ক্ষেত্র বিশেষে তদন্ত কমিটি গঠন করিবে।

(৭) (৮) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্রবিশেষে, তদন্ত কমিটি তদন্তের আদেশ দানের তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রবিধান ৪৫এ বর্ণিত পদ্ধতি অনুসরণক্রমে তদন্ত পরিচালনা করিবেন; তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।

(৯) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবে এবং উক্ত প্রতিবেদনের ভিত্তিতে উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্তটি জানাইবে।

(১০) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান (৫) মোতাবেক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে, প্রত্যাবিত দণ্ড অভিযুক্ত ব্যক্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে সাতটি কার্যদিবসের মধ্যে তাহাকে কারণ দর্শাইবার নির্দেশ দিবে।

(১১) উপ-প্রবিধান (৬) অনুসারে কারণ দর্শানো হইলে উক্ত কারণ এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনাস্তে কর্তৃপক্ষ উক্ত কার্যধারার উপর ছড়াত্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং অভিযুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবে।

(১২) এই প্রবিধানের অধীনে তদন্ত কার্যধারায় পর্যাণ সাক্ষ্য-প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে, এবং যেই ক্ষেত্রে কোন তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটি নিয়োগ করা হয়, সেই ক্ষেত্রে উক্ত কর্মকর্তা বা কমিটির তদন্তের প্রতিবেদনে তদন্তের ফলাফলের সমর্থনে যুক্তিসংস্কৃত কারণ লিপিবদ্ধ থাকিতে হইবে।

(১৩) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৪৫। তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্যপ্রণালী—(১) তদন্ত কর্মকর্তা মামলা শুনানী ওকুর দিন হইতে শেষ না হওয়া পর্যন্ত অতিদিন শুনানী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত শুনানী মূলতবী করিবেন না।

(২) তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পরিচালিত তদন্তে—

(ক) অভিযুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ অস্থীকার করেন সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হইবে এবং অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ দালিলিক সাক্ষ্য উপস্থাপনের যুক্তিসঙ্গত সুযোগ উভয় পক্ষকে প্রদান ও বিবেচনা করিতে হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তি প্রতিপক্ষের স্বাক্ষীগণকে জেরা করার, তিনি ব্যক্তিগতভাবে সাক্ষ্য প্রদান করিবার এবং তাহার পক্ষ সমর্থনকারী কোন ব্যক্তিকে স্বাক্ষী হিসাবে উপস্থাপন করার অধিকারী হইবেন;

(গ) অভিযোগের সমর্থনে মামলা উপস্থাপনকারী ব্যক্তি অভিযুক্ত ব্যক্তিকে এবং তাহার স্বাক্ষীগণকে জেরা করার অধিকারী হইবেন;

(ঘ) অভিযুক্ত ব্যক্তি প্রাসঙ্গিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে নথির টোকার অংশ কোন ধূকারেই দেখিতে দেওয়া হইবে না।

(৩) তদন্তকারী কর্মকর্তা কারণ লিপিবদ্ধ করিয়া কোন নির্দিষ্ট স্বাক্ষীকে বা কোন নির্দিষ্ট সাক্ষ্য তলব করিতে বা গ্রহণ করিতে অস্থীকার করিতে পারিবেন।

(৪) তদন্তকারী কর্মকর্তার নিকট অভিযোগের সমর্থনে বিষয়টি উপস্থাপনের জন্য কর্তৃপক্ষ যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারিবে।

(৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সম্ভূত হন যে, অভিযুক্ত ব্যক্তি তদন্তের অঞ্চলিতে বাধা প্রদান বা বাধা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে সতর্ক করিয়া দিবেন এবং উক্তরূপ সতর্ক করিবার পরও যদি দেখিতে পান যে, অভিযুক্ত ব্যক্তি তাহা অমান্য করিয়া কাজ করিতেছেন, তাহা হইলে তিনি উক্ত বিষয়ে একটি সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের জন্য তিনি যে পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করিবেন সেই পদ্ধতিতে উক্ত তদন্ত সমাপ্ত করিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সম্ভূত হন যে, অভিযুক্ত ব্যক্তির আচরণ তদন্তের ব্যাপারে তদন্তকারী কর্মকর্তার অফিস বা তাহার দায়িত্বের জন্য অবমাননাকর, তাহা হইলে তিনি তৎসম্পর্কিত প্রাসঙ্গিক ঘটনাবলী ও পরিস্থিতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন, অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে প্রধান ৪০ (খ) মোতাবেক অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারিবে।

(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর দশটি কার্যদিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিচেন্ন আকারে কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

(৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কিনা তা উল্লেখপূর্বক তদন্তকারী কর্মকর্তা প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত প্রদান করিবেন, তবে শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবে না।

(৯) কর্তৃপক্ষ এই অধ্যায়ের অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবার পরিবর্তে একটি তদন্ত কমিটি নিয়োগ করিলে, তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে এই প্রবিধানমালা যতটুকু প্রযোজ্য তদন্ত কমিটির ক্ষেত্রেও ততটুকু প্রযোজ্য বলিয়া গণ্য হইবে।

(১০) উপ-প্রবিধান (৯) এ উল্লিখিত তদন্ত কমিটির কোন বৈঠকে কোন একজন সদস্যের অনুপস্থিতির কারণে উক্ত কমিটির কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিপন্থ হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৪৬। সাময়িক বরখাস্ত।—(১) প্রবিধান ৪১ এর অধীনে যে কোন অভিযোগের দায়ে কোন কর্মচারীর বিরক্তে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকিলে এবং প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে কর্তৃপক্ষ তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করিবার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার ছুটি প্রাপ্তা সাপেক্ষে, তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারিবে।

(২) যেই ক্ষেত্রে কোন কর্মচারীকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণের দন্ত কোন আদালত বা ট্রাইবুনালের সিদ্ধান্তের দ্বারা অথবা উক্ত সিদ্ধান্তের ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত বা প্রতিপন্থ হয় এবং কর্তৃপক্ষ উক্ত মামলার পরিস্থিতি বিবেচনাক্রমে এই সিদ্ধান্ত গ্রহণ করে যে, উক্ত কর্মচারীকে যে অভিযোগেরভিত্তিতে বরখাস্ত বা অপসারণের দন্ত আরোপ করা হইয়াছিল সেই অভিযোগেরভিত্তিতে তাহার বিরক্তে অধিকতর তদন্ত করা হইবে, সেই ক্ষেত্রে উক্ত বরখাস্তকরণ বা অপসারণ সম্পর্কিত মূল আদেশের তারিখ হইতে উক্ত কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য হইবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

(৩) কোন কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি ও আদেশ অনুযায়ী খোরাকী ভাতা পাইবেন।

(৪) ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কারাগারে সোপর্দ ("কারাগারে সোপর্দ" অর্থে আদালতের হেফজতে রক্ষিত ব্যক্তিগণও অত্তুক্ত বলিয়া গণ্য হইবেন) কর্মচারীকে গ্রেফতারের তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত বলিয়া গণ্য করিতে হইবে এবং তাহার বিরক্তে এই প্রবিধানমালার অধীনে সূচিত কার্যধারা পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত তিনি যথারীতি খোরাকী ভাতা পাইবেন।

৪৭। পুনর্বহাল।—(১) যদি প্রবিধান ৪৬ (১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্তকৃত বা ক্ষেত্র বিশেষে ছুটিতে প্রেরিত কোন কর্মচারীকে অপসারণ বা পদাবলত করা না হওয়া থাকে, তবে তাহাকে চাকুরীতে পুনর্বহাল করা হইবে অথবা ক্ষেত্র বিশেষে তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সম্পদমর্যাদার কোন পদে বহাল করা হইবে এবং এই ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সাপেক্ষে সাময়িকভাবে বরখাস্তের পর পুনর্বহালের বিষয় সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা (Bangladesh Service Rules)-এর বিধান অনুসারে যথাসম্ভব নিয়ন্ত্রিত হইবে।

৪৮। ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মচারী।—(১) ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মচারী কারাগারে সোপর্দ হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে তাহার বিরক্তে আনীত উক্ত মামলার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিতিকালের জন্য তিনি কোন বেতন, ছুটিকালীন বেতন বা কোন ভাতা (খোরাকী ভাতা ব্যতীত) পাইবেন না। তাহার বেতন ও ভাতাদি উক্ত ঋণ বা ফৌজদারী অপরাধ সংক্রান্ত মামলা নিষ্পত্তির পর, সম্বয় সাধন করা হইবে।

(২) উক্তরূপ অপরাধ হইতে তিনি খালাস পাইলে অথবা খণ্ডের দায়ে কারাবরণের ক্ষেত্রে উক্ত দায় তাহার নিয়ন্ত্রণ বহুভূত পরিস্থিতির কারণে উক্ত হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, সাধারণত তাহার প্রাপ্ত বেতন-ভাতাদির টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে এবং তাহার অনুপস্থিতিকালে তিনি কর্তব্যরূপ হিসেবে বলিয়া গণ্য হইবেন।

৪৯। আদেশের বিরুদ্ধে আপীল—(১) কোন কর্মচারী ইনসিটিউট কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশবলে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অথবা যেক্ষেত্রে অনুরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সেইক্ষেত্রে যে আদেশদানকারী কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপীলের প্রস্তাব করা হইবে, তিনি যে কর্তৃপক্ষের অব্যহতি অধিক্ষেত্রে তাহার নিকট, অথবা যেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধিক্ষেত্রে কোন কর্তৃপক্ষ আদেশ দান করিয়াছেন, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবেন।

(২) আপীল কর্তৃপক্ষ নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করিবে, যথা :—

- (ক) এই প্রবিধানমালায় নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কিনা, না হইয়া থাকিলে উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কিনা ;
- (খ) অভিযোগসমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত সঠিক ও ন্যায়সঙ্গত কিনা ;
- (গ) আরোপিত দস্ত মাত্রাত্তিরিত, পর্যাণ বা অপর্যাণ কিনা।

(৩) আপীল কর্তৃপক্ষ যেকলে উক্ত বলিয়া বিবেচনা করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে এবং এই আদেশটি চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৪) আপীল দরখাস্তে আপীলের কারণ সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ করিয়া দরখাস্তের সহিত প্রাসঙ্গিক কাগজাদি দাখিল করিতে হইবে।

৫০। আপীলের দরখাস্ত দাখিলের সময়সীমা—(১) যে আদেশের বিরুদ্ধে আপীল দরখাস্ত দাখিল করা হইবে সংশ্লিষ্ট কর্মচারী তৎসম্পর্কে অবহিত হওয়ার ০৩ (তিনি) মাসের মধ্যে উহার বিরুদ্ধে আপীল দরখাস্ত দাখিল না করিলে উক্ত আপীল দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না :

তবে শর্ত থাকে যে, বিলেবের কারণ সম্পর্কে সন্তুষ্ট হইয়া যথাযথ মনে করিলে আপীল কর্তৃপক্ষ উক্ত ০৩ (তিনি) মাস অতিবাহিত হওয়ার সত্ত্বেও পরবর্তী তিনি মাসের মধ্যে কোন আপীল দরখাস্ত বিবেচনার জন্য গ্রহণ করিতে পারিবেন।

৫১। পুনরীক্ষণ (Review) —(১) কোন কর্মচারী এই প্রবিধানমালার অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা সংক্ষুক্ত (Aggrieved) হইলে তিনি এই আদেশ পুনরীক্ষণের (Review) জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) আবেদনকারী যে আদেশ দ্বারা সংক্ষুক্ত হইয়াছেন সেই আদেশ তাহাকে অবহিত করিবার তারিখ হইতে তিনি মাসের মধ্যে পুনরীক্ষণের আবেদন পেশ না করিলে উহা গ্রহণ করা হইবে না :

তবে শর্ত থাকে যে, আবেদনকারী কর্তৃক সময়মত আবেদন পেশ করিতে না পারার স্বপক্ষে যথেষ্ট কারণ ছিল মর্মে ইনসিটিউট নিঃসন্দেহ হইলে উল্লিখিত সময়সীমা উত্তীর্ণ হইবার তিনি মাসের মধ্যে ইনসিটিউট পুনরীক্ষণের আবেদন গ্রহণ করিতে পারিবে।

(৩) পুনরীক্ষণের আবেদন পাইবার পর সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্তৃপক্ষ যেইরূপ উপযুক্ত বিবেচনা করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে।

৫২। আদালতে বিচারাধীন কার্যধারা —(১) কোন কর্মচারীর বিকল্পে কোন আদালতে একই বিষয়ের উপর কোন ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা সমাপনের ব্যাপারে কোন বাধা থাকিবে না। কিন্তু যদি কর্তৃপক্ষ বিভাগীয় কার্যধারায় উক্ত কর্মচারীর উপর কোন দণ্ড আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে উক্ত মামলা বা আইনগত কার্যধারা নিষ্পত্তি বা সম্পত্তি বা সংস্কৃতি বা ইওয়া পর্যন্ত এই দণ্ডারোপ স্থগিত থাকিবে।

(২) কোন কর্মচারী Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (V of 1985)-এ বর্ণিত কোন 'অপরাধ ব্যতীত' অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত ও সাজাপ্রাণ হইলে, এইরূপ সাজাপ্রাণ কর্মচারীকে এই প্রবিধানমালার অধীনে শাস্তি প্রদান করা হইবে কি না কর্তৃপক্ষ তাহা স্থির করিবেন।

(৩) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (২) এর অধীনে তাহাকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে, বিষয়টি পরিস্থিতিতে যেরূপ উপযুক্ত বলিয়া বিবেচিত হয়, কর্তৃপক্ষ সেরূপ দণ্ড প্রদান করিতে পারিবে এবং এরূপ দণ্ড প্রদানের জন্য কোন কার্যধারা সূচনা করিবার অধিযোগ হইবে না।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধান (৩) এর অধীনে উক্ত কর্মচারীর কোন দণ্ড আরোপ না করার সিদ্ধান্ত গ্রহণ করিলে, যেই ক্ষেত্রে তাহাকে চাকুরীতে পুনর্বহাল বা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়, সেইক্ষেত্রে ইনসিটিউটের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

অষ্টম অধ্যয়

অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা

৫৩। ভবিষ্য তহবিল —(১) ইনসিটিউট উহার কর্মচারীগণের জন্য বাংলাদেশ ইনসিটিউট অব ম্যানেজমেন্ট কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল নামে একটি তহবিল গঠন করিবে, উক্ত তহবিলে প্রত্যেক কর্মচারী এবং ইনসিটিউট বা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে চাঁদা প্রদান করিবে এবং উক্ত তহবিল সংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকার কর্তৃক প্রণীত Contributory Provident Fund Rules, 1979-এ প্রযোজনীয় অভিযোজনসহ প্রযোজ্য হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সত্ত্বেও, এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে বিদ্যমান অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল, অতঃপর উক্ত তহবিল বলিয়া উল্লিখিত, এই প্রবিধানমালার অধীনে গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত তহবিলে উক্তরূপ প্রবর্তনের পূর্বে প্রদত্ত চাঁদা ও উহা হইতে গৃহীত অগ্রীমসহ যাবতীয় কার্যক্রম এই প্রবিধানমালার অধীনে সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫৪। আনুতোষিক —(১) নিম্নোক্ত যে কোন কর্মচারী আনুতোষিক পাইবার অধিকারী, যথা :—

- (ক) যিনি ইনসিটিউটে কমপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন এবং শাস্তি-ব্রজপ চাকুরী হইতে বরখাস্ত, পদচূড়ান্ত বা অপসারিত হন নাই বা যাহার চাকুরীর অবসান ঘটেনো হয় নাই;
- (খ) কমপক্ষে তিন বৎসর চাকুরী করিবার পর যিনি কর্তৃপক্ষের অনুমতিসহ চাকুরী হইতে পদত্যাগ বা চাকুরী ত্যাগ করিয়াছেন;
- (গ) তিন বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিষ্কাশ কারণে কোন কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথা :—

 - (অ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাটাই হইয়াছেন।
 - (আ) সম্পূর্ণ বা আংশিক অসামর্থের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণ করা হইয়াছে; অথবা
 - (ই) চাকুরীর থাকা কালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।

(২) কোন কর্মচারীকে তাঁহার চাকুরীর প্রত্যেক পূর্ণ বৎসর বা আংশিক বৎসরের ক্ষেত্রে ১২০টি কার্যদিবস বা তড়ুর্ধ কোন সময়ের চাকুরীর জন্য ০২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ হাবে আনুতোষিক প্রদান করা হইবে।

(৩) সর্বশেষ পৃষ্ঠীত বেতন আনুতোষিক গণনার মূল ভিত্তি হইবে।

(৪) কোন কর্মচারীর মৃত্যুর কারনে আনুতোষিক প্রাপ্তি হইলে যাহাতে তাহার মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন তজ্জন্য প্রত্যেক কর্মচারী ইনসিটিউট কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন এবং ফরমটি ইনসিটিউট কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

(৫) কোন কর্মচারী উপ-প্রবিধান (৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিলে মনোনয়ন প্রত্রে তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপে উল্লেখ করিবেন যেন আনুতোষিকের সম্পূর্ণ টাকা উহাতে অঙ্গুষ্ঠ হয়, এবং যদি এইরূপে উল্লেখ করা না হয় তাহা হইলে টাকার পরিমাণ মনোনীত ব্যক্তিগণকে সমান অংশে ভাগ করিয়া দেওয়া হইবে।

(৬) কোন কর্মচারী যে কোন সময় লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন এবং বাতিল করিয়া উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫) অনুসারে একটি নতুন মনোনয়নপত্র জমা দিবেন।

(৭) কোন কর্মচারী মানোনয়ন পত্র জমা না দিয়া মৃত্যুবরণ করিলে, তাহার আনুতোষিকের টাকা উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

৫৫। অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি—(১) ইনসিটিউট, সরকারের পূর্ব অনুমোদনক্রমে লিখিত আদেশ দ্বারা সাধারণ ভবিষ্য তহবিল, অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিকল্পন প্রবর্তন করিতে পারিবে, এবং এইরূপ পরিকল্পন প্রবর্তন করা হইলে তৎসংক্রান্ত যাবতীয় বিষয়ে সরকারী কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা ও সরকার কর্তৃক সময় সময় জরীরীভূত আদেশ বা নির্দেশ, প্রয়োজনীয় অভিযোজনসহ প্রযোজ্য হইবে।

(২) উপ-প্রবিধান (১)-এ উল্লিখিত পরিকল্পন চালু করা হইলে, প্রত্যেক কর্মচারী ইনসিটিউট কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত তারিখের মধ্যে, উক্ত পরিকল্পনের অনুত্তীব্ধীন হইবার বা না হইবার ইচ্ছা জ্ঞাপন করিয়া উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

(৩) উক্ত পরিকল্পনের আওতাধীন হইবার জন্য উপ-প্রবিধান (২)-এর অধীন ইচ্ছা প্রকাশকারী কোন কর্মচারী উক্তরূপ ইচ্ছা প্রকাশের সময় অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানকারী কর্মচারী হইয়া থাকিলে—

(ক) উক্ত তহবিলে তাহার প্রদত্ত চাঁদা এবং উহার উপর অর্জিত সুদ সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত হইবে;

(খ) ইনসিটিউট কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার অর্জিত সুদ ইনসিটিউট ফেরত পাইবে এবং ইনসিটিউট উক্ত চাঁদা ও সুদ, উহার বিধান মোতাবেক, অবসরভাতা পরিকল্পনে বা অন্যকোন খাতে ব্যবহার করিতে পারিবে।

(গ) ইনসিটিউটের সিদ্ধান্ত সাপেক্ষে, তাহার পূর্বতন চাকুরীকাল অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির উদ্দেশ্যে গণনাযোগ্য চাকুরীকাল হিসাবে গণনা করা হইবে।

নবম অধ্যয়

অবসর গ্রহণ, চাকুরী অবসান ইত্যাদি

৫৬। অবসর গ্রহণ ইত্যাদি বিষয়ে ACT XII OF 1974-এর প্রযোগ।—(১) কর্মচারীদের অবসর গ্রহণ এবং তাহাদের পুনঃ নিয়োগের ব্যাপারে Public Servants (Retirement) Act. 1974 (XII OF 1974) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫৭। চাকুরীর অবসান।—(১) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া, এবং এক মাসের নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করিয়া, কোন শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং শিক্ষানবিস তাহার চাকুরী অবসানের কারণে কোন শ্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

(২) এই প্রবিধানমালায় ডিজুন্স যাহা কিছুই থাকুক না কেন, উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়াই কোন কর্মচারীকে নব্বই দিনের নোটিশে অথবা ১০ (নব্বই) দিনের বেতন নগদ পরিশোধ করিয়া তাহাকে চাকুরী হইতে অপসারণ করিতে পারিবে।

৫৮। ইন্সফাদান, ইত্যাদি।—(১) কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিধায় উল্লেখপূর্বক ০৩ (তিনি) মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি নিয়োগকারী কর্তৃপক্ষকে তাহার ০৩ (তিনি) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) কোন শিক্ষানবিস তাহার অভিধায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি ইনসিটিউটকে তাহার ০১ (এক) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৩) যে কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ ওর্ক হইয়াছে, তিনি ইনসিটিউটের চাকুরীতে ইন্সফা দান করিতে পারিবেন না:

তবে শর্ত এই যে, উপযুক্ত কর্তৃপক্ষ কোন বিশেষ ক্ষেত্রে যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবেন সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইন্সফা দানের অনুমতি দিতে পারিবে।

দশম অধ্যয়

বিবিধ

৫৯। অসুবিধা দূরীকরণ।—যে ক্ষেত্রে এই প্রবিধানমালার কোন বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য কোন বিধিমালা বা আদেশ বা নির্দেশ প্রযোগ বা অনুসরণের বিধান আছে, কিন্তু উৎপন্ন প্রযোজ্য বা অনুসরণে অসুবিধা দেখা দেয়, সেক্ষেত্রে সরকার লিখিত আদেশ দ্বারা, উক্ত বিষয়ে প্রযোজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং এই ব্যাপারে সরকারের শিক্ষাওয়েই চূড়ান্ত হইবে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৩। উপ-পরিচালক/ উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা	মূলতম ৩৫ বৎসর	১। পদোন্নতির মাধ্যমে। যুদ্ধ ইনসিটিউট-এর সদস্যদের মধ্যে যোগ্য প্রার্থী না পাওয়া যায়, তবে সরাসরি নিয়োগের মাধ্যমে।	১। প্রশিক্ষণ ও ব্যবস্থাপনায় বিভিন্ন ফেসে কমপক্ষে ০৫(পাঁচ)টি গবেষণা ও একাশনা থাকিতে হইবে।	৪। প্রশিক্ষণ পদ্ধতি নির্ধারণ, কর্মসূচী প্রণয়ন ও ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন স্তরের প্রশিক্ষণ কোর্সসমূহ পরিচালনার ও পরামর্শ দেবার ব্যাপারে অধীনস্ত উর্ধ্বতন ব্যবস্থাপনা। উপদেষ্টাগণকে পরামর্শ দান ও পরিচালনায় সক্ষম হইতে হইবে এবং কমপক্ষে ১০ বৎসরের প্রশিক্ষণের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।	৫। ইনসিটিউটের সার্বিক গবেষণা কর্মের কর্মসূচী প্রণয়ন এবং তাহা বাস্তবায়নে সক্ষম হইতে হইবে।
৩। প্রশিক্ষণ ও ব্যবস্থাপনায় বিভিন্ন ফেসে ০৫(পাঁচ)টি গবেষণা ও একাশনা থাকিতে হইবে।	৪। প্রশিক্ষণ পদ্ধতি নির্ধারণ, কর্মসূচী প্রণয়ন ও ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন স্তরের প্রশিক্ষণ কোর্সসমূহ পরিচালনার ও পরামর্শ দেবার ব্যাপারে অধীনস্ত উর্ধ্বতন ব্যবস্থাপনা। উপদেষ্টাগণকে পরামর্শ দান ও পরিচালনায় সক্ষম হইতে হইবে এবং কমপক্ষে ১০ বৎসরের প্রশিক্ষণের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।	৫। ইনসিটিউটের সার্বিক গবেষণা কর্মের কর্মসূচী প্রণয়ন এবং তাহা বাস্তবায়নে সক্ষম হইতে হইবে।	৬। প্রশিক্ষণ ও ব্যবস্থাপনা উপদেষ্টা হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা এবং সতোষজনক চাকুরী হইতে হইবে।	৭। ইনসিটিউট এ ব্যবস্থাপনা উপদেষ্টা হিসাবে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা এবং সতোষজনক চাকুরী হইতে হইবে।	৮। ইনসিটিউটের সার্বিক গবেষণা কর্মের কর্মসূচী প্রণয়ন এবং তাহা বাস্তবায়নে সক্ষম হইতে হইবে।

প্রশিক্ষণ ব্যবস্থাপনা

অভিজ্ঞতা

১০

৩৩৯

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৪। ব্যবস্থাপনা উপদেষ্টা / প্রোগ্রামার	৩২ বৎসর	১। পদেন্দ্রিয় মাধ্যমে ৫০%	১। পদেন্দ্রিয় মাধ্যমে ৫০%	১। বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/বিজ্ঞানের সংশ্লিষ্ট শাখায় দিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিপ্লোমা প্রাপ্তি হিসাবে কর্মকর্তা হিসাবে ৩ বৎসরের/ সহযোগী ব্যবস্থাপনা উপদেষ্টা কর্মকর্তা হিসাবে কর্মপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে সম্পন্ন হইতে হইবে।	ইনসিটিউট-এ উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা হিসাবে ৩ বৎসরের/ সহযোগী ব্যবস্থাপনা উপদেষ্টা কর্মকর্তা হিসাবে কর্মপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
		২। সরাসরি নিয়োগ ৫০%	২। সরাসরি নিয়োগ ৫০%	২। কোন শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে প্রাসঙ্গিক বিষয়ে কোন দায়িত্বশীল পদে কর্মপক্ষে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এবং	২। কোন শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে প্রাসঙ্গিক বিষয়ে কোন দায়িত্বশীল পদে কর্মপক্ষে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এবং
				৩। কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষাদানের অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থীদের অঞ্চাধিকার দেওয়া হইবে।	৩। কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষাদানের অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থীদের অঞ্চাধিকার দেওয়া হইবে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৫। উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা	৩২ বৎসর	১। পদ্মোন্নতি ৫০%	বাণিজ্য/ব্যবসা বিজ্ঞান/পরিসংখ্যান সংশ্লিষ্ট শাখার ন্যূনতম দ্রিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সময়নের ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম দ্রিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে এটি প্রথম শ্রেণী থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিগ্রীধারীদের অধ্যাধিকার দেওয়া হইবে।	১। প্রশাসন/সমাজ ইনসিটিউট-এ গবেষণা কর্মকর্তা /সহযোগী ব্যবস্থাপনা উপদেষ্টা হিসাবে কমপক্ষে ৩ বৎসরের চাকুরীর বাস্তব অভিজ্ঞতা	বাণিজ্য/ব্যবসা কর্মকর্তা বিজ্ঞান/পরিসংখ্যান বিজ্ঞানের সংশ্লিষ্ট শাখার ন্যূনতম দ্রিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সময়নের ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম দ্রিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে এটি প্রথম শ্রেণী থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিগ্রীধারীদের অধ্যাধিকার দেওয়া হইবে।
৬। উর্ধ্বতন সম্পাদক	৩২ বৎসর	সরাসরি	১। অনুমোদিত বিশ্ববিদ্যালয় ইতে সাংবাদিকতায় কমপক্ষে দ্রিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সাংবাদিকতা/প্রকাশনাও জনসংযোগ কাজে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা।	২। বাংলা ইংরেজী ভাষায় পারদর্শীতাসহ ফটোকম্পোজিং এবং কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অধ্যাধিকার দেওয়া হইবে।	১। অনুমোদিত বিশ্ববিদ্যালয় ইতে সাংবাদিকতায় কমপক্ষে দ্রিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সাংবাদিকতা/প্রকাশনাও জনসংযোগ কাজে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা।

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৭। উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা	৩২ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	১। স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ইনসিটিউট-এ সহ-সমন্বয় দ্বিতীয় শ্রেণীর ডিগ্রী এবং কর্মকর্তা হিসাবে ৫ বৎসরের প্রশাসনিক কাজে কমপক্ষে ৫ অভিজ্ঞতা ; বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কর্মব্যবস্থাপনা ডিপ্লোমা-ধরীকে অগ্রাধিকার দেওয়া হইবে ।	১। স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ইনসিটিউট-এ সহ-সমন্বয় দ্বিতীয় শ্রেণীর ডিগ্রী এবং কর্মকর্তা হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতা ; বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কর্মব্যবস্থাপনা ডিপ্লোমা-ধরীকে অগ্রাধিকার দেওয়া হইবে ।	১। স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ইনসিটিউট-এ সহ-সমন্বয় দ্বিতীয় শ্রেণীর ডিগ্রী এবং কর্মকর্তা হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতা ; বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কর্মব্যবস্থাপনা ডিপ্লোমা-ধরীকে অগ্রাধিকার দেওয়া হইবে ।
৮। উর্ধ্বতন হিসাব নিরীক্ষা কর্মকর্তা	৩২ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	১। স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ইনসিটিউট-এ সহ-সমন্বয় দ্বিতীয় শ্রেণীসহ ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা ।	১। স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ইনসিটিউট-এ সহ-সমন্বয় দ্বিতীয় শ্রেণীসহ ৩ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা ।
৯। পরিকল্পনা ও কর্মসূচী সমন্বয় কর্মকর্তা	৩২ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	১। সমাজ বিজ্ঞান / বাণিজ্য / ব্যবসা প্রশাসনে মূলতম দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশলে মূলতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। ২। প্রকল্প পরিকল্পনা পরিধারণ মূল্যায়ন কর্মসূচী প্রণয়ন ও সমন্বয়-এ ৩ বৎসরের অভিজ্ঞতা ।	১। সমাজ বিজ্ঞান / বাণিজ্য / ব্যবসা প্রশাসনে মূলতম দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশলে মূলতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। ২। প্রকল্প পরিকল্পনা পরিধারণ মূল্যায়ন কর্মসূচী প্রণয়ন ও সমন্বয়-এ ৩ বৎসরের অভিজ্ঞতা ।
১০। সহযোগী ব্যবস্থাপনা উপদেষ্টা	৩২ বৎসর	সরাসরি নিয়োগ		বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান / পরিসংখ্যান / কম্পিউটার বিজ্ঞান সংশ্লিষ্ট শাখায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশলে সময়সূচীর ডিগ্রী থাকিতে হইবে ।	বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান / পরিসংখ্যান / কম্পিউটার বিজ্ঞান সংশ্লিষ্ট শাখায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশলে সময়সূচীর ডিগ্রী থাকিতে হইবে ।

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১১। গবেষণা কর্মকর্তা	৩০ বৎসর	সরাসরি নিয়োগ		বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/ পরিসংখ্যান / কম্পিউটার বিজ্ঞান-এর সংশ্লিষ্ট শাখায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিপ্লোমা অথবা ইঞ্জিনিয়ারিং-এ অনুরূপ ডিপ্লোমা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে দুইটি প্রথম শ্রেণী থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিপ্লোমাধারীদের অধ্যাধিকার দেওয়া হইবে।	
১২। উর্ধ্বতন একাগারিক	৩২ বৎসর	১। পদচালনা ৫০% ২। সরাসরি ৫০%		লাইভ্রেরি সায়েন্স-এ মূলতম দ্বিতীয় শ্রেণী স্নাতকোত্তর ডিপ্লোমাসহ ও বৎসরের অভিজ্ঞতা অথবা কোন খ্যাতনামা পাঠ্যগ্রন্থে লাইভ্রেরিয়ান হিসাবে কাজের ৫ বৎসরের অভিজ্ঞতাসহ লাইভ্রেরি সায়েন্স-এ ডিপ্লোমা।	ইনসিটিউট-এ লাইভ্রেরিয়ান হিসাবে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
১৩। অডিও ডিজুয়্যাল কর্মকর্তা	৩০ বৎসর	সরাসরি নিয়োগ		বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিপ্লোমারী। চলচিত্র নির্মাণে ডিপ্লোমা/অভিজ্ঞতা এবং অডিও ডিজুয়্যাল যন্ত্র, টেলিভিশন, ডিডিও এবং চলচিত্র তৈরিতে ২/৩ বৎসরের অভিজ্ঞতা।	

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১৪। সহ-সমন্বয় কর্মকর্তা		পদোন্নতি			ইনসিটিউট এ স্টেনোগ্রাফার হিসাবে ৭ বৎসরের/প্রধান সহকারী হিসাবে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
১৫। উপ-সহকারী প্রকৌশলী (মেইটেনেন্স ইনচার্জ)	৩০ বৎসর	সরাসরি	পূরঃ একৌশলে ন্যূনতম প্রথম শ্রেণীর ডিপ্লোমাসহ ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।		
১৬। প্রধান সহকারী	৩০ বৎসর	১। পদোন্নতি ৭৫% ২। সরাসরি ২৫%	দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ যে কোন সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ বৎসরের কাজের অভিজ্ঞতা।	ইনসিটিউট এ উচ্চমান সহকারী সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানে হিসাবে ৫ বৎসরের বাস্তব কমপক্ষে ০৫ বৎসরের কাজের অভিজ্ঞতা।	
১৭। হিসাব রক্ষক	৩০ বৎসর	১। পদোন্নতি ৭৫% ২। সরাসরি ২৫%	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে বাণিজ্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে যে কোন সরকারী/আধা- সরকারী প্রতিষ্ঠানে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	ইনসিটিউট এ হিসাব সহকারী হিসাবে ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
১৮। কম্পিউটার অপারেটর	৩০ বৎসর	সরাসরি	কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত স্নাতক ডিপ্লোমারী। তবে বিজ্ঞানে স্নাতকধারীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।		

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১৯।	আর্টিস্ট	৩০ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	বাণিজ্যিক চিত্র শিল্পে মাতক অথবা এইচ.এস.সি বা তার সমানের পাসপহ বাণিজ্যিক চিত্র শিল্পে দ্বিতীয় শ্রেণীর তিপ্পোমা।	ইনসিটিউট এ ট্রেসার হিসাবে ১০ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২০।	স্টালিপিকার	৩০ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	এইচ.এস.সি বা সমানের পরীক্ষায় পাস তৎসহ ইংরেজী ও বাংলা স্টালিপিটে প্রতি মিনিটে যথাক্রমে ৮০/৫০ এবং টাইপিং এ ইংরেজীতে ৩০ এবং বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দের গতি থাকিতে হইবে।	স্টালিপুদ্রাক্ষরিক হিসাবে ইনসি- টিউট-এ ৫ বৎসরের অভিজ্ঞতাসহ স্টালিপি এবং টাইপিং এ সরাসরি নিয়োগের অনুরূপ যোগ্যতা থাকিতে হইবে।
২১।	উচ্চমান সহকারী	৩০ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	দ্বিতীয় বিভাগে এইচ.এস.সি পাসসহ যেকোন সরকারী/আধা- সরকারী প্রতিষ্ঠানে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	নিম্নমান সহকারী কাম- যুদ্রাক্ষরিক হিসাবে ইনসিটিউট এ ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২২।	স্টাট-যুদ্রাক্ষরিক	সর্বোচ্চ ৩০ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	যৌক্ত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে এইচ.এস.সি বা সমানের পরীক্ষায় পাসপহ ইংরেজী ও বাংলা স্টালিপিটে যথাক্রমে ৭০/৪৫ এবং টাইপিং এ ৩০/২৩ প্রতি মিনিটে গতি থাকিতে হইবে।	ইনসিটিউট-এ নিম্নমান সহকারী-কাম-যুদ্রাক্ষরিক হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ স্টালিপি এবং টাইপিং এ সরাসরি নিয়োগের অনুরূপ যোগ্যতা থাকিতে হইবে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২৩।	প্রজেক্টর অপারেটর	সর্বোচ্চ ৩০ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	হিন্দীয় বিভাগে এইচ.এস.সি বা অত্ৰ কেন্দ্ৰৰ ফটোগ্রাফাৰ সমমানেৱ পাস তৎসহ সংশ্লিষ্ট হিসাবে ৫ বৎসৱেৱ অভিজ্ঞতা। ক্ষেত্ৰে ৫ বৎসৱেৱ অভিজ্ঞতা থাকিতে হইবে।	
২৪।	ইলেক্ট্ৰিশিয়ান	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসৰি	১। কমপক্ষে ৮ম শ্ৰেণী পাস তৎসহ সৱকাৰ অনুমোদিত কোন কাৰিগৰী ইনসিটিউট হইতে ইলেক্ট্ৰিক.য়ান্ডি সংৰক্ষণ ও গ্ৰহণ বৈদ্যুতিক তাৰ সংযোজনেৱ কাজে ১ বৎসৱেৱ ট্ৰেড সার্টিফিকেট কোৰ্সসহ ৩ বৎসৱেৱ অভিজ্ঞতা থাকিতে হইবে।	অথবা

- ২। কমপক্ষে ৮ম শ্ৰেণী পাসসহ
ইলেক্ট্ৰিশিয়ান ট্ৰেড কোৰ্স পাস
এবং কমপক্ষে ২ বৎসৱেৱ বাস্তব
অভিজ্ঞতা। প্রজেক্টর এবং
ড্ৰিপ্পিকেটিং মেশিন চালনায়
দক্ষতা থাকিতে হইবে।

(୧)	(୨)	(୩)	(୪)	(୫)	(୬)
୨୫।	ହିସାବ ସହକାରୀ ବଂସର	ସର୍ବୋଚ୍ଚ ୩୦ ସରାସରି	୧। ପଦୋନ୍ନତି ୫୦% ୨। ସରାସରି ୫୦%	କୋନ ଅନୁମୋଦିତ ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟ ଇନ୍‌ସିଟିଟ୍‌ଟୁ-୬ ଏଲ.ଡି.ଆ- ଇଟେ ବାଣିଜ୍ୟ ମାତକ ଡିଗ୍ରୀ କାମ- ଟାଇପିସ୍ଟ ହିସାବେ ହିସାବ ହିସାବ ନିରୀକ୍ଷାର କାଜେ ଅଭିଜ୍ଞ ବିଭାଗେ ୫ ବଂସରେ ପ୍ରାର୍ଥିଦେର ଅଧ୍ୟାଧିକାର ଦେଓଯା ଅଭିଜ୍ଞତା ।	ହିସାବେ ।
୨୬।	ସ୍ଟୋର କିପାର	ସର୍ବୋଚ୍ଚ ୩୦ ସରାସରି	୧। ପଦୋନ୍ନତି ୫୦% ୨। ସରାସରି ୫୦%	ମାତକ ଡିଗ୍ରୀସହ ସ୍ଟୋର କିପିଂ ଏ ୨ ବଂସରେର ବାସ୍ତବ ଅଭିଜ୍ଞତା ଥାକିତେ ହିସାବେ ।	ଇନ୍‌ସିଟିଟ୍‌ଟୁ-୬ ଏଲ.ଡି.ଆ- କାମ- ଟାଇପିସ୍ଟ ହିସାବେ ହିସାବ ବିଭାଗେ ୫ ବଂସରେ ଅଭିଜ୍ଞତା ।
୨୭।	ଲାଇଟ୍ରେରିଆନ- କାମ-କ୍ଯାଟାଲଗାର	ସର୍ବୋଚ୍ଚ ୩୦ ସରାସରି	୧। ପଦୋନ୍ନତି ୫୦% ୨। ସରାସରି ୫୦%	କୋନ ଅନୁମୋଦିତ ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟ ଇନ୍‌ସିଟିଟ୍‌ଟୁ-୬ ଲାଇଟ୍ରେରି ଇଟେ ମାତକ ଡିଗ୍ରୀସହ ଲାଇଟ୍ରେରି ସାୟଳେ ଡିପ୍ଲୋମା ଅଭିଜ୍ଞତା ସମ୍ପନ୍ନ ପ୍ରାର୍ଥିଦେର ଅଧ୍ୟାଧିକାର ଦେଓଯା ହିସାବେ ।	ଲାଇଟ୍ରେରି ଏଟେନ୍ଟ୍‌ଟ ହିସାବେ ୫ ବଂସରେ ଅଭିଜ୍ଞତା ।
୨୮।	ଇମାମ	ସର୍ବୋଚ୍ଚ ୩୦ ସରାସରି	ସରାସରି	କମପକ୍ଷେ ଫାଜିଲ ପାସ ତଃସହ କୋରାନେ ହାଫେଜକେ ଅଧ୍ୟାଧିକାର ଦେଓଯା ହିସାବେ ।	
୨୯।	ଗାଡ଼ୀ ଚାଲକ	ସର୍ବୋଚ୍ଚ ୩୦ ସରାସରି	ସରାସରି	ଏସ.୬ସ.୬ ପାସ ଏୟେ ତଃସହ ମଟର ଡ୍ରାଇଭିଂ-୬ ଲାଇସେନ୍ସଧାରୀ ଗାଡ଼ୀ ଚାଲନାୟ ୩ ବଂସରେର ବାସ୍ତବ ଅଭିଜ୍ଞତା ଓ ଇଞ୍ଜିନ ମେରାମତେର ଜ୍ଞାନ ଥାକିତେ ହିସାବେ ।	

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৩০।	বেকর্ড কিপার	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি	এইচ.এস.সি পাস এবং তৎসহ নথি সংরক্ষণে পর্যাপ্ত জ্ঞান থাকিতে হইবে। মুদ্রাক্ষরিক কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হইবে।	৪৪
৩১।	লাইব্রেরি এ্যাটেডেন্ট	সর্বোচ্চ ৩০ বৎসর		লাইব্রেরি কাজে অভিজ্ঞতাসহ এইচ.এস.সি. বা সমমানের পাস তৎসহ লাইব্রেরি সাময়ে সার্টিফিকেটধারী প্রার্থীকে অধ্যাধিকার দেওয়া হইবে।	৪৫
৩২।	ফটোয়াফার	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি	এস.এস.সি পাস এবং তৎসহ ছবি তোলার যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং ছবি ছবি ছাপানো ভিত্তিও/শাইড তৈরি করা এবং ভিতরে ও বাহিরে ছবি তোলার অভিজ্ঞতা থাকিতে হইবে।	৪৬
৩৩।	নিম্নমান সহকারী-কাম- মুদ্রাক্ষরিক।	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি	কোন অন্যমোদিত বোর্ড হইতে এইচ.এস.সি. বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ মুদ্রাক্ষর নির্বাচনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে।	৪৭

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৩৪।	অভ্যর্থনাকারী/ টেলিফোন অপারেটর	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি	এস.এস.সি পাসসহ পি.এ.বি.এক্স বোর্ডের কাজে অভিজ্ঞতা এবং অতিথি অভ্যর্থনায় পারদর্শিতা থাকিতে হইবে।	ইনসিটিউট-এ পাচক হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতা।
৩৫।	প্রধান পাচক	সর্বোচ্চ ৩০ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	কোন অনুমোদিত বোর্ড হইতে এস.এস.সি বা সফ্যালের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলাদেশী, চাইনিজ, ইউরোপিয়ান খাবারের মেনু তৈয়ারী ও রক্কন প্রণালীতে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।	ইনসিটিউট-এ পাচক হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতা।
৩৬।	টেসার	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি	কোন অনুমোদিত বোর্ড হইতে এস.এস.সি পাসসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাস এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	ইনসিটিউট-এ মশালচি চাইনিজ, ইংলিশ বাসন সাজানো ও বিভিন্ন রক্কন ও মেনু তৈয়ারীর কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
৩৭।	পাচক	সর্বোচ্চ ৩০ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	৮ম শ্রেণী পাস। বাংলাদেশী, চাইনিজ, ইংলিশ বাসন সাজানো হিসাবে ৫ বৎসরের বাস্তব ও বিভিন্ন রক্কন ও মেনু তৈয়ারীর কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা।	ইনসিটিউট-এ মশালচি চাইনিজ, ইংলিশ বাসন সাজানো হিসাবে ৫ বৎসরের বাস্তব ও বিভিন্ন রক্কন ও মেনু তৈয়ারীর কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা।

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৩৮।	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	সর্বোচ্চ ৩০ বৎসর	১। পদোন্নতি ৫০% ২। সরাসরি ৫০%	কোন শীকৃত বোর্ড হইতে দ্বিতীয় ইনসিটিউট-এ এমএলএসএস বিভাগে উচ্চ মাধ্যমিক বা সময়নের পরীক্ষায় পাসসহ তৎসহ গেটেন্টনার মেশিন ডুপ্লিকেটিং মেশিন চালনায় ০২ চালানোর অভিজ্ঞতা থাকিতে বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	হিসাবে ৫ বৎসরের চাকুয়ী তৎসহ গেটেন্টনার মেশিন চালানোর অভিজ্ঞতা থাকিতে হইবে।
৩৯।	প্লাষার/পাম্প অপারেটর	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি	কোন শীকৃত বোর্ড হইতে এস.এস.সি পাসসহ প্লাষার কাজে দক্ষতা এবং পাম্প মেশিন অপারেটিং এ বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।	এস.এস.সি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। অফিসের কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৪০।	এম.এল.এস.এস	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি	এস.এস.সি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা সম্পন্ন থাকিতে হইবে। সামরিক বাহিনীর কর্মচারী, আনসার, বিডিআর ও পুলিশ বাহিনীর প্রাক্তন সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।	এস.এস.সি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা সম্পন্ন থাকিতে হইবে। সামরিক বাহিনীর কর্মচারী, আনসার, বিডিআর ও পুলিশ বাহিনীর প্রাক্তন সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৪১।	নিরাপত্তা প্রয়োজনীয়	সর্বোচ্চ ৩০ বৎসর	সরাসরি		

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৭২। ক্রম এ্যাটেলেন্ট সর্বোচ্চ ৩০	সরাসরি			এস.এস.সি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। হোস্টেলের কাজে অভিজ্ঞতা সম্পন্ন লোকদের অধ্যাধিকার দেওয়া হইবে।	এস.এস.সি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। ইসকে, টেবিল, চেয়ার ইত্যাদি সাজনে গোছানো কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে।

শাখাদেশ গেজেট, আভিযুক্ত, মার্চ ২৫, ২০০২

১১১

১৯৮

শান্তিনগর পৌরসভা, কক্ষ ২০০, ১৯৮৫

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
-----	-----	-----	-----	-----	-----

৪৬। বাড়ুদার
সর্বোচ্চ ৩০
বৎসর

৮ম শ্রেণী পাসসহ অফিস, ভেন,
টেলেট ও বাথরুম পরিকার
করার কাজে অভিজ্ঞতা সম্পন্ন
পাঠীদের অগ্রাধিকার দেওয়া
হইবে। প্রথম অবশ্যই
শারীরিক যোগ্যতা থাকিতে
হইবে।

বোর্ড অব গভর্নরস এবং আদেশক্রমে

আল-আমিন চৌধুরী

চেয়ারম্যান

বোর্ড অব গভর্নরস বি. আই. এম

ও

সচিব

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

মোঃ সারোয়ারজামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও একাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।